গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
doict.sunamganj.gov.bd

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ, মে/২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আশীষ চক্রবর্তী, প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ
সভার স্থান : প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) এর অফিস কক্ষ, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৮ মে ২০২৪ খ্রি.।
সভার সময় : সকাল ০৯.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কোনরুপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় । সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা পর্যায়ের আইসিটি কার্যক্রমের বিভিন্ন উদ্যোগসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

**সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | জেলা পর্যায়ে জয় D-Set Center স্থাপনের জন্য জমি বরাদ্দ: | সভায় জমি বরাদ্দের বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখার বিষয়ে আলোচনা হয়। বিটিসিএল এর সাথে যোগাযোগ করে সুনামগঞ্জ জেলায় তাদের অব্যবহৃত জমি সম্পর্কে তথ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট ডেস্কে প্রেরণ করা হয়েছে বলে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), সুনামগঞ্জ |
| ২. | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: | সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া ওয়েব পোর্টালের প্রতিটি সেবা বক্স, সেবা বক্সের লিংক ও তথ্যাদি সঠিক আছে কি না তা যাচাইপূর্বক বিস্তারিত প্রতিবেদন আগামী সভাতে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ |
| ৩. | D-Nothi প্রশিক্ষণ সংক্রান্ত: | সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ জেলা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের D-nothi প্রশিক্ষণ ২৩ মার্চ তারিখে সম্পন্ন হয়েছে বলে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) সভায় জানান। D-nothi সংক্রান্ত কোন সমস্যায় সহকারী প্রোগ্রামারগণকে জেলা ও উপজেলার সকলকে প্রয়োজনীয় পরামর্শন প্রদানের জন্য প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) সকলকে অনুরোধ করেন। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ ও সহকারী প্রোগ্রামার, সকল, সুনামগঞ্জ |
| ৪. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্ত: | জেলা ও উপজেলা কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিমাসে তাদের অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" পরিদর্শন করতঃ সচিত্র প্রতিবেদন স্মার্ট অফিস ম্যানেজমেন্ট সফট ওয়ার এর মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। | সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ |
| ৫. | সুরক্ষা সাপোর্ট সংক্রান্ত: | মাঠ পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। তবে বর্তমানে জাতীয় পরিচয়পত্র হালনাগাদ করণ এর কাররক্রম বন্ধ আছে, এই বিষয়ে সুরক্ষা টিমের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) এবং সহকারী প্রোগ্রামার, (সকল উপজেলা ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৬. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত: | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন উপজেলা থেকে জেলা কার্যালয়ে এবং জেলা থেকে যথা সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), সুনামগঞ্জ |
| ৭. | আইসিটি বিভাগ/অধিদপ্তর ও বিসিসি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নের সর্বশেষ অবস্থা: | শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার সমূহে সরবরাহকৃত মালামাল-এর গুনগত মান এবং ইলেকট্রনিক যন্ত্রপাতির সমস্যা সমাধান বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া অন্যান্য চলমান প্রকল্প পরিদর্শন করে নিয়মিত রিপোর্ট সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট পণ্য সরবরাহকারী ভেন্ডর প্রতিষ্ঠান |
| ৮. | Her Power প্রকল্প বিষয়ক। | সুনামগঞ্জ জেলার ৩ টি উপজেলা (সুনামগঞ্জ সদর, শান্তিগঞ্জ ও ছাতক) হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ চলমান রয়েছে বলে জানা যায়। এই প্রশিক্ষণ কার্যক্রম সার্বক্ষনিক মনিটরিং করতে হবে বলে প্রোগ্রামার সংশ্লিষ্ট সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৫/২৪

( আশীষ চক্রবর্তী)
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
ই-মেইল : ashish_siu@yahoo.com

স্মারক নং-৫৬.০৪.৯০০০০.০০১.০৮.০০১.২১-৪৫ তারিখ: ২৮ মে, ২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির ও কার্যার্থে জন্য ।

০১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ
০৪। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,সুনামগঞ্জ।
০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

২৮/৫/২৪

প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ

CamScanner